

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৬৪

আগরতলা, ১৬ মে, ২০২৪

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম  
রাজ্যে ৪৮টি ডেডিকেটেড মোবাইল হেলথ টিম রয়েছে



রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে রাজ্যে ৪৮টি ডেডিকেটেড মোবাইল হেলথ টিম রয়েছে। ডেডিকেটেড মোবাইল হেলথ টিমগুলি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে শূন্য থেকে ৬ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের ক্রিনিং করে। পাশাপাশি বিদ্যালয়গুলিতে ৬ থেকে ১৮ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়েদেরও ক্রিনিং করা হয়। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে জাতীয় স্বাস্থ্য মিশনের রাজ্য শাখার মিশন অধিকর্তা রাজীব দত্ত একথা জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, রাষ্ট্রীয় বাল (শিশু) স্বাস্থ্য কার্যক্রম শূন্য থেকে ১৮ বছর বয়সের শিশুদের জন্মগত শারীরিক অসঙ্গতিজনিত রোগ, শারীরিক অভ্যন্তরীণ অপরিপূর্ণতা, বিকাশজনিত ঝুঁটি, শারীরিক প্রতিবন্ধকতা এবং অন্যান্য রোগে আক্রান্ত শিশুদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দেওয়া হয়। তাছাড়াও রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে রাজ্যে জন্মগত হৃদরোগ, শ্রবণজনিত প্রতিবন্ধকতা, বাঁকা পা, দৃষ্টি প্রতিবন্ধকতা, নিউরাল টিউব ডিফেন্সের মতো জন্ম নেওয়া শিশুদের জন্য চিকিৎসা এবং প্রয়োজনে অঙ্গোপচারের ব্যবস্থা করা হয়।

সাংবাদিক সম্মেলনে মিশন অধিকর্তা জানান, জন্মগত হৃদরোগ, ঠোঁট / তালু কাটা, বাঁকা পা, নিউরাল টিউব ডিফেন্স, শ্রবণ প্রতিবন্ধকতার অঙ্গোপচারের জন্য বিভিন্ন হাসপাতালগুলিকে তালিকাভুক্ত করা হয়েছে। জন্মগত হৃদরোগের ক্ষেত্রে তালিকাভুক্ত হাসপাতালগুলি হলো আগরতলার এজিএমসি ও জিবিপি হাসপাতাল, চেন্নাইয়ের অ্যাপেলো চিল্ড্রেন হাসপাতাল, কলকাতার মেডিকা সুপার স্পেশালিটি হাসপাতাল, মণিপুরের শিজা হাসপাতাল ও রিসার্চ সেন্টার। ঠোঁট / তালু কাটা রোগের জন্য গুয়াহাটির মিশন স্মাইল। হিয়ারিং এইড চিকিৎসার জন্য আগরতলার আইএলএস হাসপাতাল এবং বাঁকা পা সমস্যার চিকিৎসার জন্য মুম্বাইয়ের অনুকূল ফাউন্ডেশান।

সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিকারের অধিকর্তা ডাঃ সঞ্জীব দেববর্মা, পরিবার কল্যান ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস, জাতীয় স্বাস্থ্য মিশনের যুগ্ম অধিকর্তা বিনয় ভূষণ দাস এবং রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের স্টেট নোডাল অফিসার ডাঃ সঞ্জয় রঞ্জ পাল।

\*\*\*\*\*